**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# বেআইনিভাবে তেল কূপ পরিচালনাকারী কোম্পানির বিরুদ্ধে গভর্নর হোকল ও অ্যাটর্নি জেনারেল জেমস এর 2 মিলিয়ন ডলারের দণ্ড ঘোষণা

***স্টিউবেন ও ক্যাটারাগাস কাউন্টিতে সুপেয় পানির উৎসকে বিপদগ্রস্ত করছে এমন কয়েক শতাধিক তেল কূপ সিলগালা করার জন্য জেমস লি-কে আদেশ দেওয়া হয়েছে***

***এই সিদ্ধান্তের মধ্য দিয়ে তেল কূপ সিলগালা করার আদেশ লঙ্ঘনের কারণে এযাবতকালের সর্বোচ্চ আর্থিক দণ্ড আরোপ করা হচ্ছে***

গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস স্টেটের তেল ও গ্যাস কূপ সংক্রান্ত বিধিমালার ঘোরতর লঙঘন এবং স্টিউবেন ও ক্যাটারাগাস কাউন্টিতে কমিউনিটিগুলোকে বিপদগ্রস্ত করার কারণে জেমস আর. লি এবং তার কর্পোরেট অ্যাফিলিয়েটদের বিরুদ্ধে দায়েরকৃত একটি মামলায় 2 মিলিয়ন ডলারের অর্থদণ্ড ঘোষণা করেছেন। লি এবং তার কোম্পানিগুলোকে স্টেটের সুপ্রিম কোর্ট অর্থদণ্ড পরিশোধ করতে - যা তেল ও গ্যাস কূপ সংক্রান্ত কোনো মামলায় আরোপিত এযাবতকালের সর্বোচ্চ অর্থদণ্ড - এবং তার তেল কূপগুলোকে পুরোপুরিভাবে স্টেটের আইনের আওতায় নিয়ে আসতে আদেশ দিয়েছেন। বছরের পর বছর, লি ও তার কোম্পানিগুলো তাদের পরিচালনাধীন কূপগুলো সঠিকভাবে সিলগালা করেনি, যা সুপেয় পানির সরবরাহের প্রতি উল্লেখযোগ্য বিপদ হয়ে দেখা দিয়েছে এবং কূপের আশেপাশের এলাকাগুলোতে মিথেন নিঃসৃত হওয়ার বিপদ তৈরি করেছে।

"আমার প্রশাসন স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে সুপেয় পানির উৎস সুরক্ষিত রাখার জন্য সুচিন্তিত পদক্ষেপ গ্রহণ করতে অত্যন্ত মনোযোগী রয়েছে, এবং আজ ঘোষিত রেকর্ড সৃষ্টিকারী এই আর্থিক দণ্ড নিউ ইয়র্কের জন্য একটি বড় বিজয়," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও নিরাপত্তাকে বিঘ্নিতকারী যেকোনো ব্যক্তিকে জবাবদিহিতার আওতায় নিয়ে আসতে আমাদের প্রচেষ্টায় আমরা অবিচল রয়েছি। স্টিউবেন ও ক্যাটারাগাস কাউন্টিতে জনস্বাস্থ্য ও পরিবেশের সুরক্ষার জন্য পদক্ষেপ গ্রহণে তার অংশীদারিত্বের জন্য আমি অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমসকে ধন্যবাদ জানাই।"

**অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেন,** "নিউ ইয়র্কের বায়ু ও পানিকে সুরক্ষিত রাখার জন্য আমাদের প্রচেষ্টার ক্ষেত্রে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিজয়। বেআইনিভাবে পরিচালিত এসব তেল কূপ সাদার্ন টিয়ার ও ওয়েস্টার্ন নিউ ইয়র্কের অসংখ্য পরিবারের সুপেয় পানির

উৎসের প্রতি হুমকি হয়ে দেখা দিয়েছে এবং পরিবেশের উল্লেখযোগ্য ক্ষতিসাধন করছে। এই মামলার মধ্য দিয়ে এটি সুস্পষ্ট হয়ে যাবে যে নিউ ইয়র্ক আমাদের কমিউনিটিগুলোর স্বাস্থ্য অথবা আমাদের প্রাকৃতিক সম্পদগুলোর প্রতি হুমকি হয়ে দেখা দেওয়া যেকোনো ব্যক্তির বিরুদ্ধে অবস্থান গ্রহণ করবে। দূষণকারীদের থামানো এবং লোকজনকে সুরক্ষিত রাখার ক্ষেত্রে তাদের অংশীদারিত্বের জন্য আমি গভর্নর হোকল, কমিশনার সেগোস এবং DEC-তে আমাদের অংশীদারদের প্রতি কৃতজ্ঞ।"

**পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার বাসিল সেগোস বলেন,** "স্টিউবেন ও ক্যাটারাগাস কাউন্টিতে কয়েক শতাধিক তেল কূপের সাইটে বছরের পর বছর ধরে নিউ ইয়র্ক স্টেটের কঠোর শর্ত উপেক্ষা করে কার্যক্রম পরিচালনা করার পরে এই রায় লি এবং তার কোম্পানিগুলোর বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণের একটি উল্লেখযোগ্য দিন। দীর্ঘদিনের এই আইন লঙ্ঘনকারীকে বিচারের আওতায় নিয়ে আসার জন্য তাদের নিরলস পরিশ্রমের জন্য আমি অ্যাটর্নি জেনারেল জেমস এবং তার টিম ও আমার কর্মীদের ধন্যবাদ জানাই। এই দৃষ্টান্ত স্থাপনকারী মামলা দেখিয়ে দিয়েছে যে আমাদের পরিবেশ ও কমিউনিটিগুলোতে দূষণকারীদের সৃষ্ট ক্ষয়ক্ষতির জন্য তাদের বিরুদ্ধে আগ্রাসী পদক্ষেপ গ্রহণ করতে এবং তাদেরকে জবাবদিহিতার আওতায় নিয়ে আসতে নিউ ইয়র্ক স্টেট চেষ্টার কোনো কমতি রাখবে না।"

বহু বছর ধরে, লি এবং তার শেল কর্পোরেট অ্যাফিলিয়েটরা - লি অয়েল কোম্পানি, ইনক. (Lee Oil Company, Inc.), হোয়াইটসভিল প্রোডিউসিং কর্পোরেশন (Whitesville Producing Corporation), হোয়াইটসভিল প্রোডাকশন কর্প. (Whitesville Production Corp), অ্যালেগ্রো অয়েল এন্ড গ্যাস ইনক. (Allegro Oil & Gas Inc.), এবং অ্যালেগ্রো ইনভেস্টমেন্টস কর্পোরেশন (Allegro Investments Corporation) - স্টিউবেন ও ক্যাটারাগাস কাউন্টিতে কয়েক শতাধিক তেল কূপের মালিক হয়ে আছে অথবা পরিচালনা করে আসছে। এসব বেআইনি কার্যক্রমের বিরুদ্ধে অ্যাটর্নি জেনারেলের দপ্তর (Office of the Attorney General, OAG) ও DEC অসংখ্য আইন প্রয়োগকারী পদক্ষেপ গ্রহণ করেছে। পরিবেশগত আইন অনুসরণ করতে এবং 400টিরও বেশি কূপ সঠিকভাবে সিলগালা করতে ব্যর্থ হওয়ার পরে, OAG ও DEC লি ও তার কোম্পানিগুলোর বিরুদ্ধে একটি মামলা দায়ের করে যাতে তারা তাদের কূপগুলো সঠিকভাবে সিলগালা করার নিয়ম মেনে চলেন এবং সেইসাথে দীর্ঘদিন ধরে চলে আসা ঘোরতর আইন লঙ্ঘনের জন্য জরিমানা পরিশোধ করেন।

লি এর বিরুদ্ধে পরিচালিত মামলায় আদালত OAG ও DEC-এর পক্ষে রায় দেন, এবং সিদ্ধান্ত প্রদান করেন যে:

1. বিবাদী 400টিরও বেশি তেল কূপ সিলগালা করতে ব্যর্থ হয়েছেন;
2. বিবাদী কূপগুলোর জন্য 10 বছরেরও বেশি সময়ের বার্ষিক প্রতিবেদন জমা দিতে ব্যর্থ হয়েছে;
3. বিবাদী কূপের অপারেটরদের জন্য আবশ্যক DEC সংস্থাগত প্রতিবেদন জমা দিতে ব্যর্থ হয়েছে;

4. বিবাদী কূপগুলোর সিলগালা হওয়া নিশ্চিত করতে পর্যাপ্ত আর্থিক নিরাপত্তা প্রদান করতে ব্যর্থ হয়েছে;
5. জেমস লি জরিমানা পরিশোধের জন্য এবং কূপগুলো পরিচালনার আইন মান্য করার ক্ষেত্রে ব্যক্তিগতভাবে দায়বদ্ধ থাকবেন এবং তার নিষ্ক্রিয় কর্পোরেট অ্যাফিলিয়েটদের সামনে এনে এই দায় থেকে মুক্তি পাবেন না; এবং
6. কূপগুলো সিলগালা করার দায়দায়িত্ব ক্ষতিগ্রস্ত খনিজ সম্পত্তির উত্তরসূরি মালিকদের কাছে হস্তান্তর করা যাবে।

2 মিলিয়ন ডলারের অর্থদণ্ড লি এবং তার কর্পোরেট অ্যাফিলিয়েটদের উপর আরোপ করা হয়েছে, যা অংশত এজন্য যে স্টেট প্রমাণ করেছে যে স্টেটের পরিবেশগত আইন মেনে চলতে ব্যর্থ হওয়ার মধ্য দিয়ে লি আর্থিকভাবে লাভবান হয়েছেন - যার পরিমাণ কমপক্ষে 1 মিলিয়ন ডলার - এবং তাদের বিরুদ্ধে শাস্তি ঘোষণা করছে। রায় ঘোষণার সিদ্ধান্ত গ্রহণ করতে গিয়ে আদালত জানতে পেরেছে যে মি. লি এবং তার কোম্পানিগুলো বছরের পর বছর ধরে এসব আইন লঙ্ঘন করে আসছেন এবং মি. লি এবং তার কোম্পানিগুলোকে আইন মান্য করানোর জন্য স্টেটের বার বার করা প্রচেষ্টাগুলো উপেক্ষা করেছেন।

সিলগালা না হওয়া তেল ও গ্যাস কূপ সুপেয় পানির সরবরাহ এবং সামগ্রিক পরিবেশের জন্য গুরুতর হুমকি তৈরি করে। লি-এর কূপগুলোর মধ্যে কয়েকটি ইতোমধ্যে আশেপাশের এলাকাগুলোর পানিতে তেল নিঃসৃত করেছে এবং জনস্বাস্থ্যের প্রতি বিদ্যমান হুমকি হয়ে দেখা দিয়েছে। সেইসাথে, এসব কূপ থেকে মিথেন নির্গত হতে পারে, যা একটি শক্তিশালী গ্রিনহাউজ গ্যাস যেটি জলবায়ু পরিবর্তনের জন্য ব্যাপকভাবে দায়ী।

আদালত জানিয়েছে যে তার এই সিদ্ধান্ত নিউ ইয়র্ক স্টেটজুড়ে তেল ও গ্যাস কূপগুলোতে অন্যান্য কূপ পরিচালনাকারীদেরকে নিজেদের দায়িত্বে অবহেলা করতে এবং কূপগুলো সিলগালা করার ব্যয় পরিশোধের ভার করদাতাদের উপর চাপিয়ে দেওয়া থেকে নিরুৎসাহিত করার মতো একটি শক্তিশালী বার্তা বহন করার প্রয়োজন রয়েছে। এছাড়াও এই সিদ্ধান্ত গুরুত্বপূর্ণ স্থাবর সম্পত্তি আইনের নজির স্থাপন করছে যা ব্যবহার করে সিলগালা না করা কূপের অবস্থান রয়েছে এমন সম্পত্তির মালিকদেরকে স্টেটের কূপ সিলগালা করে দেওয়ার শর্ত পুরোপুরিভাবে মেনে নেওয়ার জন্য বাধ্য করা যাবে।

সবগুলো কূপের ক্ষেত্রে আইন মান্য করার মধ্য দিয়ে আদালতের আদেশ অনুসরণ করা হচ্ছে সে বিষয়টি নিশ্চিত করতে DEC লি-এর কূপগুলোর ও কার্যক্রমের কঠোর তদারকি চালিয়ে যাবে। মি. লি কূপগুলো সিলগালা করার জন্য অর্থ পরিশোধ করতে অসমর্থ হওয়ার দাবি জানিয়েছেন, কিন্তু DEC এই রায়ের দ্বারা আরোপিত বাধ্যবাধকতা পূরণের জন্য তার অন্যান্য সম্পদ কাজে লাগানোর চেষ্টা করবে।

সিনিয়র কাউন্সেল ফর এনফোর্সমেন্ট অ্যান্ড্রু গার্শন এবং OAG পরিবেশগত সুরক্ষা ব্যুরোর ব্যুরো চিফ লেম স্রোলোভিক এর তত্ত্বাবধানে অ্যাসিস্ট্যান্ট অ্যাটর্নি জেনারেল মেরেডিথ লি-ক্লার্ক এবং ব্রায়ান লুসিগান এই বিষয়টি নিয়ে কাজ করেছেন। DEC-এর ক্ষেত্রে, অফিস অব জেনারেল কাউন্সেল অ্যাটর্নি ডেভিড কিন, খনিজ সম্পদ বিভাগের (Division of Mineral Resources)

সেকশন চিফ টেড লুকিডেস এর সহায়তায়, লিসা উইকিনসন ও স্কট ক্রিসাফুলির তত্ত্বাবধানে, DEC-এর ডেপুটি কমিশনার ও জেনারেল কাউন্সেল থমাস এস. বার্কম্যানের সঙ্গে এই বিষয়টি নিয়ে কাজ করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418